


বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ  
মেডিকেল সেন্টার, ঢাকা

আইসোলেশন কি?

আইসোলেশন হচ্ছে কারো মধ্যে যখন কোভিড-১৯ জীবানুর উপস্থিতি ধরা পড়বে বা ধরা না পড়লেও তার মধ্যে উপসর্গ থাকবে তখন তাকে আলাদা করে যে চিকিৎসার ব্যবস্থা করা হয় তাকে আইসোলেশন বলে।

কোয়ারেন্টাইন হচ্ছে যে ব্যক্তিকে আপাত দৃষ্টিতে সুস্থ মনে হয় কিন্তু সে সুস্থ হতে পারে আবার নাও হতে পারে তাকে আলাদাভাবে রাখা। কোন ব্যক্তির মধ্যে হয়তো জীবানু আছে কিন্তু তার মধ্যে কোন ধরনের উপসর্গ দেখা দেয়নি এমন ব্যক্তিকে কোয়ারেন্টাইনে রাখা হয়।

বিমানে বাংলাদেশ এয়ারলাইন্স কর্তৃক এ বিষয়ে প্রতিনিয়ত সার্কুলার করা সত্ত্বেও অনেকে কর্মকর্তা/কর্মচারী এ সতর্কতাগুলো মেনে না চলার ফলে বিমানে রোগীর সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। ফলে অপারেশনাল কাজ ব্যাহত হচ্ছে। কর্মকর্তা/কর্মচারী কর্তৃক স্বাস্থ্যবিধি লঙ্ঘন নৈতিকতা বিরোধী। কোন কোন ক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারীর ফ্ল্যাট/বাসায় কোভিড-১৯ আক্রান্ত ব্যক্তি থাকলেও তারা নীতি বিরুদ্ধভাবে অফিস বা বাইরে চলাচল করছেন, যা অনভিপ্রেত। অপারেশনাল দায়িত্বরত কর্মকর্তা/কর্মচারীগণের ক্ষেত্রে স্বাস্থ্যবিধি ভঙ্গ প্রতিষ্ঠানের জন্য মারাত্মক নেতিবাচক প্রভাব ফেলতে পারে। বিমানে বাংলাদেশ এয়ারলাইন্সে কর্মরত সকলকে পুনরায় স্বাস্থ্যবিধি মান্য করার অনুরোধ করা হলো।

  
26.07.2021  
ডাঃ তাসলিমা আক্তার  
প্রধান চিকিৎসক  
বিমান মেডিকেল সেন্টার, ঢাকা